দুটি চোখ জাহান্নাম স্পর্শ করবে না, যে চোখ আল্লাহর ভয়ে কাঁদে আর যে চোখ আল্লাহর পথে পাহারায় বিনিদ্র রাত যাপন করে।

ইবন আব্বাস রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, “দুটি চোখকে
জাহান্নাম স্পর্শ করবে না, যে চোখ আল্লাহর ভয়ে কাঁদে আর যে চোখ আল্লাহর পথে
পাহারায় বিনিদ্র রজনী যাপন করে।” [সহীহ] [এটি তিরমিযী বর্ণনা করেছেন।]

হাদীসের অর্থ: যে চোখ আল্লাহর ভয়ে কাঁদে সে চোখকে জাহান্নাম স্পর্শ করবে না। মানুষ যখন বান্দার উপর আল্লাহর বড়ত্ব ও কুদরত স্মরণ করবে এবং মহান আল্লাহ তা‘আলার তুলনায় নিজের অবস্থান নগণ্য মনে করে তাঁর রহমত লাভ এবং তাঁর শাস্তি ও ক্রোধের থেকে পরিত্রাণ পাওয়ার আশায় ক্রন্দন করবে তখন জাহান্নামের আগুন থেকে রক্ষা করার প্রতিশ্রুতি মহান আল্লাহ তাকে দিয়েছেন। আর আরেকটি চোখকে জাহান্নামের আগুন স্পর্শ করবে না, তাহলো যে চোখ আল্লাহর রাস্তায় মুসলিমদের হিফাযত করতে সীমান্ত এলাকায় ও যুদ্ধের ময়দানে পাহারায় বিনিদ্র রজনী যাপন করে। তার বাণী, “দু’চোখকে জাহান্নাম স্পর্শ করবে না” দ্বারা পুরো শরীরকে বুঝানো হয়েছে। হাদীসের উদ্দেশ্য হলো, যে চোখ আল্লাহর ভয়ে ক্রন্দন করে ও যে চোখ আল্লাহর রাস্তায় পাহারা দেয় আল্লাহ তা‘আলা সে শরীরের জন্য জাহান্নাম হারাম করে দিবেন।

https://sunnah.global/hadeeth/bn/show/3733